কালের কণ্ঠ

তারিখ ... 2 JUN 2017 ...
পৃষ্ঠা ০৪ ... কলাম ০১ ...

# বেহাল কারিগরি শিক্ষা

## আগে সঠিক পরিকল্পনা করুন

সঠিক কোনো পরিকল্পনা না করেই কারিগরি শিক্ষায় বড় ধরনের সিদ্ধান্ত নিয়ে ফেলেছে সরকার। উপযোগী ভৌত অবকাঠামো না থাকা সত্ত্বেও ভর্তি করা হয়েছে চার গুণ শিক্ষার্থী। এবার সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে দ্বিগুণ শিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে। অন্যদিকে গত বছর থেকে দেশের ৬৪টি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজে ডিপ্লোমা কোর্স চালু হয়েছে।

ডিপ্লোমা পর্যায়ে কারিগরি শিক্ষা মানসম্পন্ন হতে হলে ভৌত অবকাঠামোর পাশাপাশি প্রয়োজনীয়সংখ্যক শিক্ষকও প্রয়োজন। ৪৫০টি বেসরকারি পলিটেকনিক বাদ দিলে দেশের ৪৯টি সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে আসনসংখ্যা ছিল ১২ হাজার ৫২৮। ডিপ্লোমা কোর্সে এই আসনসংখ্যাকে আদর্শ হিসেবে ধরা হয়ে থাকে। শিক্ষক সংখ্যা না বাড়িয়ে সরকারি পলিটেকনিকে দুই শিফট চালুর সিদ্ধান্ত নেওয়া হয় হঠাৎ করেই। এরপর প্রতি সেকশনে আটজন শিক্ষার্থী বাড়িয়ে দেওয়া হয়। এভাবে শিফট ও আসন বাড়িয়ে শিক্ষার্থীর সংখ্যা বাড়ানো হচ্ছিল। সম্প্রতি কোনো প্রস্তুতি ছাড়াই শিক্ষার্থী সংখ্যা ৬০ করা হয়। এসব করা হয়েছে কারিগরি অধিদপ্তরের নির্দেশে। অথচ একটি শ্রেণিকক্ষের আকার কী হবে, কতজন শিক্ষার্থী সেখানে লেখাপড়া করবে, কিভাবে পাঠদান হবে—এসব বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হয়। সরকারি পলিটেকনিকে ডাবল শিফট ও দ্বিগুণ শিক্ষার্থীর চাপে শিক্ষার মান রক্ষা করা সম্ভব না-ও হতে পারে। কারিগরি শিক্ষায় যেখানে হাতে-কলমে শেখাতে হয়, সেখানে শিক্ষার্থীর সংখ্যা বাড়ানো হলে শিক্ষকদের ওপর যেমন বাড়তি চাপ পড়ে তেমনি অনেক শিক্ষার্থীর বঞ্চিত হওয়ার আশঙ্কাও থেকে যায়। আবার জেলা পর্যায়ের ৬৪টি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজে প্রকাশ্য কোনো পরিপত্র ছাড়াই ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্স চালু করা হয়েছে। উপযুক্ত শিক্ষক, শ্রেণিকক্ষ ও ল্যাব না থাকলেও ৬৪টি জেলায় ডিপ্লোমা কোর্স চালুর সিদ্ধান্ত কতটা সঠিক হয়েছে সে বিষয়েও ভেবে দেখা দরকার।

দেশের কারিগরি শিক্ষা বিস্তৃত করা প্রয়োজন। দেশে প্রতিবছর বাড়ছে শিক্ষার্থীর সংখ্যা। কারিগরি শিক্ষায় শিক্ষিত প্রজন্ম গড়ে তোলা গেলে দেশে দক্ষ জনশক্তি তৈরি হবে। কর্মমুখী এই শিক্ষার প্রসারে তাই সঠিক পরিকল্পনা প্রয়োজন। উপযুক্ত অবকাঠামো ও যোগ্য শিক্ষকদের তত্ত্বাবধানে কারিগরি শিক্ষার প্রসার ঘটবে, তাতে কোনো সন্দেহ নেই। কিন্তু সঠিক পরিকল্পনার অভাবে সব আয়োজন ব্যর্থ হতে পারে। কাজেই শুধু কোর্স ও শিক্ষার্থী চাপিয়ে দেওয়া নয়, উপযুক্ত শিক্ষক ও অবকাঠামো নিশ্চিত করুন।